



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/20/2022

গভর্নর ক্যাথি হোকল

**চাইল্ড কেয়ারের মরুভূমিতে পরিণত হওয়া এলাকাগুলোতে বিদ্যমান চাইল্ড কেয়ার কর্মসূচিসমূহ সম্প্রসারণের জন্য 30 মিলিয়ন ডলারের বাড়তি ফেডারেল তহবিলের জন্য পোর্টাল এখন চালু হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা**

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে স্টেটের যেসব এলাকা পর্যাপ্ত চাইল্ড কেয়ার স্লট না থাকায় চাইল্ড কেয়ারের মরুভূমি হিসেবে পরিচিতি লাভ করেছে সেসব এলাকায় বিদ্যমান চাইল্ড কেয়ার কর্মসূচিসমূহ সম্প্রসারণের জন্য 30 মিলিয়ন ডলারের বাড়তি ফেডারেল তহবিলের জন্য আবেদন করার [পোর্টাল](#) এখন চালু হয়েছে। 2022 অর্থবছরে প্রণীত বাজেটে অনুমোদিত হওয়া 100 মিলিয়ন ডলারের চাইল্ড কেয়ার ডেজার্ট ইনিশিয়েটিভ (child care desert initiative)-এর অংশ হিসেবে প্রদান করা এই তহবিল আমেরিকান রেসকিউ প্ল্যান অ্যাক্ট (American Rescue Plan Act)-এর মাধ্যমে প্রদান করা হচ্ছে এবং নিউ ইয়র্ক স্টেটের শিশু ও পরিবার বিষয়ক পরিষেবা দপ্তর (Office of Children and Family Services) কর্তৃক পরিচালিত হবে।

"একজন তরুণী মা হিসেবে চাইল্ড কেয়ার অ্যাক্সেসের ঘাটতির কারণে আমাকে আমার কাজ ছেড়ে দিতে হয়েছিল, তাই আমি জানি এই লাইফলাইন কর্মজীবী বাবা-মায়েদের জন্য কতটা গুরুত্বপূর্ণ," বলেছেন গভর্নর হোকল। "এই তহবিল নিউ ইয়র্কবাসীদের জন্য মানসম্মত চাইল্ড কেয়ারের লভ্যতা সম্প্রসারণ করতে সাহায্য করবে এবং নিউ ইয়র্ক স্টেটজুড়ে চাইল্ড কেয়ারের মরুভূমিগুলো দূর করবে। স্টেট বাজেটের অংশ হিসেবে চাইল্ড কেয়ার খাতে আমাদের 7 বিলিয়ন ডলারের ঐতিহাসিক বিনিয়োগের মধ্য দিয়ে, আমাদের অর্থনৈতিক পুনরুদ্ধারের অংশ হিসেবে আমরা বাবা-মায়েদের এই অতি প্রয়োজনীয় সহায়তা প্রদান করা অব্যাহত রাখবো।"

এই অনুদান সুবিধাবঞ্চিত এলাকার বিদ্যমান চাইল্ড কেয়ার সেবা প্রদানকারীদেরকে সাহায্য করবে এবং আবেদনের অনুরোধে (RFA) দুইটি অংশ রয়েছে। প্রথম অংশটি বিদ্যমান ডে কেয়ার সেন্টার ও স্কুলগামী বয়সের চাইল্ড কেয়ার কর্মসূচিসমূহ সম্প্রসারণের উপর মনোযোগ দেয়, যেখানে নবজাতক/অল্পবয়সী শিশু এবং/অথবা বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জন্য সুনির্দিষ্ট নির্ধারিত স্লটগুলোর জন্য বোনাস তহবিল প্রদান করা হবে। RFA-এর দ্বিতীয় অংশটি বিদ্যমান ক্ষুদ্র চাইল্ড কেয়ার সেন্টার, পারিবারিক চাইল্ড কেয়ার কর্মসূচি এবং গ্রুপ পারিবারিক চাউল্ড কেয়ার কর্মসূচিসমূহে সুনির্দিষ্ট ধরনের চাইল্ড কেয়ার সম্প্রসারণের উপর জোর দেয় - যেগুলোতে তালিকাভুক্তির পরিমাণ ধারণক্ষমতার চেয়ে কম - সুনির্দিষ্টভাবে

নবজাতক/অল্পবয়সী শিশু অথবা বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জন্য, অথবা যদি কর্মসূচিটি অপ্রচলিত কর্মঘণ্টা অন্তর্ভুক্ত করার জন্য তাদের কর্মঘণ্টা সম্প্রসারণ করতে চায়।

অনুমোদনযোগ্য ব্যয়সমূহের মধ্যে কর্মসূচি উন্নয়ন ব্যয় এবং স্বল্প-মেয়াদী কর্মসূচি পরিচালনার ব্যয় অন্তর্ভুক্ত রয়েছে, যেমন:

- ব্যক্তিগত খরচ, এতে অন্তর্ভুক্ত রয়েছে পে-রোল, বেতন বা অনুরূপ কর্মচারীদের ভাতা, কর্মচারীদের বেনিফিটসমূহ, অবসর ব্যয় এবং শিক্ষা ব্যয়
- কোভিড-19 এর টিকা অ্যাক্সেস করার জন্য সহায়তাকারী কর্মীদের ব্যয়
- কিছু ফ্যাসিলিটি মর্টগেজ ও ইউটিলিটির ভাড়া বা পেমেন্ট
- প্রশিক্ষণ ও কারিগরি সহায়তার ব্যয়, যেমন পেশাগত উন্নয়ন, ব্যবসায়িক প্রশিক্ষণ ও ব্যবসায়িক পরিষেবা

RFA সম্পর্কে আরো তথ্যের জন্য সেবা প্রদানকারীরা [এখানে](#) ক্লিক করতে পারেন। 20 জুলাই, 2022 তারিখ থেকে 24 আগস্ট, 2022 তারিখ পর্যন্ত অনুদানের জন্য আবেদন গ্রহণ করা হবে এবং সেপ্টেম্বর মাসে অনুদানপ্রাপ্তদের তালিকা ঘোষণা করা হবে।

2023 অর্থবছরের বাজেটে শিশুদের ও পরিবারগুলোকে সহায়তা করার জন্য উচ্চ-মানসম্মত চাইল্ড কেয়ারের অ্যাক্সেস সম্প্রসারণ করতে এবং নিউ ইয়র্ক স্টেটের চলমান অর্থনৈতিক পুনরুদ্ধারের গতি বৃদ্ধিতে সাহায্য করতে একটি ঐতিহাসিক বিনিয়োগ অন্তর্ভুক্ত করা হয়েছে। এতে চার বছর মেয়াদে 7 বিলিয়ন ডলারের নজিরবিহীন বিনিয়োগ অন্তর্ভুক্ত করা হয়েছে এবং 2022 সালের আগস্ট মাসে চাইল্ড কেয়ার ভর্তুকির জন্য উপযুক্ততার আয়ের সীমা বৃদ্ধি করে স্টেটের আয়ের মানদণ্ডের (চারজনের একটি পরিবারের জন্য 83,250 ডলার) 300 শতাংশ করা হয়েছে - যা নিউ ইয়র্ক স্টেটের অল্পবয়সী শিশুদের অর্ধেকেরও বেশি সংখ্যকের জন্য উপযুক্ততা বর্ধিত করেছে।

**নিউ ইয়র্ক স্টেটের শিশু ও পরিবার বিষয়ক পরিষেবা দপ্তর (Office of Children and Family Services)-এর কমিশনার শেইলা পুলি বলেন,** "এসব অনুদান আমাদের চাইল্ড কেয়ার সেবা প্রদানকারীদের অধিকতর সহায়তা প্রদান করবে, যারা এই শিল্পের মেরুদণ্ড হিসেবে ভূমিকা পালন করছেন, এবং নবজাতক, অল্পবয়সী শিশু ও বিশেষ চাহিদাসম্পন্ন শিশু রয়েছে এমন পরিবারগুলোর জন্য, এবং অপ্রচলিত কর্মঘণ্টার সময়ে কভারেজ প্রয়োজন এমন ব্যক্তিদের জন্য চাইল্ড কেয়ারের গুরুত্বকে তুলে ধরছে।"

এই তহবিল পাওয়ার সুযোগ প্রদানের জন্য, চাইল্ড কেয়ার সেবার মরুভূমি বলতে আদমশুমারি পরিচালিত হওয়া সেসব এলাকাকে বুঝানো হয়েছে যেখানে প্রতিটি লভ্য চাইল্ড কেয়ার স্লটের বিপরীতে পাঁচ বছরের কম বয়সী তিন জন বা তার বেশি শিশু রয়েছে, অথবা সেই এলাকায় কোনো চাইল্ড কেয়ার স্লট লভ্য নেই। এই শর্তের ভিত্তিতে, নিউ ইয়র্ক স্টেটের 60% এরও বেশি এলাকা চাইল্ড কেয়ার সেবার মরুভূমি হিসেবে বিবেচিত হবে। লভ্য স্লটের ভিত্তিতে নিউ ইয়র্ক স্টেটের আদমশুমারিকৃত সব এলাকাকে ম্যাপ করা হয়েছে, এবং যথার্থ স্থানীয় এলাকা নির্ণয়ের

জন্য সম্ভাব্য চাইল্ড কেয়ার সেবা প্রদানকারীরা [চাইল্ড কেয়ার সেবার মরুভূমির ম্যাপ](#) পর্যালোচনা করতে পারবে। অনুদানের জন্য উপযুক্ততা ও আবশ্যিকতা সম্পর্কিত বাড়তি তথ্য [RFA-তে](#) পাওয়া যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবক্রাইব করুন](#)